# সংবাদ

তারিখ 6 SEP 2012
পৃষ্ঠা ১৬ কলাম ১

সংসদে ৩টি বিলের ওপর রিপোর্ট উপস্থাপন

## বিশ্ববিদ্যালয় চালাতে শর্ত সাপেক্ষে টাকা দেয়ার বিধান বাতিল

নিজস্ব বার্তা পরিবেশক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও জাতীয় (কবি) কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন সংশোধনে-আনা বিল পরীক্ষা-নিরীক্ষা শেষে জাতীয় সংসদে সংসদীয় কমিটির রিপোর্ট উপস্থাপন করা হয়েছে।

রিপোর্টে বিশ্ববিদ্যালয়ের খরচ চালাতে ক্রমান্বয়ে নিজস্ব আয় বাড়ানোর শর্ত বাতিল করার সুপারিশ করা হয়েছে। তবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে আয়ের বিধান বাদ দেয়া হয়নি। গতকাল সংসদে রিপোর্ট তিনটি উত্থাপন করেন জাতীয় সংসদে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন। গত ২ জুলাই শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিল তিনটি সংসদে উত্থাপন করেন। পরে তা সংসদীয় কমিটিতে পাঠানো হয়।

সংসদে উত্থাপিত বিল তিনটিতে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয়ের পাশাপাশি সরকারও বিশ্ববিদ্যালয়ের খরচ চালাতে অর্থ বরাদ্দ দেবে এমন বিধান রাখা হয়। বলা হয় বিশ্ববিদ্যালয় শর্ত : পৃষ্ঠা : ২ ক : ৬

### শর্ত : সাপেক্ষে

(১৬ পৃষ্ঠার পর)

প্রকল্প বাস্তবায়িত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে আয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বরাদ্দ করা অর্থ দ্বারা বিশ্ববিদ্যালয় ব্যয় নির্বাহ করবে। তবে শর্ত থাকে যে, বিশ্ববিদ্যালয় ক্রমান্বয়ে নিজস্ব আয় বাড়ানোর চেষ্টা অব্যাহত রাখবে। সংসদীয় কমিটি এই শর্ত বাদ দিয়ে রিপোর্ট চূড়ান্ত করেছে। চলতি অধিবেশনেই বিল তিনটি পাস হবে বলে জানা গেছে।